



সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
মোহসিনুল আদনান

প্রধান প্রতিবেদক
গোলাম মোর্তোজা

প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু
সহযোগী প্রতিবেদক

বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুহুল তাপস

প্রদায়ক
জসিম মল্লিক

আলোকচিত্রী
তুহিন হোসেন

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, নাসিম আহমেদ
সুমী শাহাবুদ্দিন, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন

চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান

যশোর প্রতিনিধি
মামুন রহমান

সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল

বিশেষ বিদেশ প্রতিনিধি
মিজানুর রহমান খান

হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল

জার্মানি প্রতিনিধি
সরাফউদ্দিন আহমেদ

নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নুরুল কবীর

প্রযুক্তি উপদেষ্টা
শাহরিয়ার ইকবাল রাজ

শিল্প নির্দেশক
কনক আদিত্য

কর্মাধ্যক্ষ
শামসুল আলম

যোগাযোগ
৯৬/৯৭ নিউ ইন্সটান, ঢাকা-১০০০

পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯

ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০

ইমেল : s2000@dbn-bd.net

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

স্বাগতিক দক্ষিণ আফ্রিকা, পাকিস্তান, ওয়েস্ট ইন্ডিজ এবং ইংল্যান্ডের মতো ক্রিকেটের পরাশক্তিকে পেছনে ফেলে ফেলে জিম্বাবুয়ে ও কেনিয়ার মতো অপেক্ষাকৃত দুর্বল দু'টি দল সুপার সিল্প পর্বে উঠে যাওয়ায় বিশ্বকাপের আবেদন অনেকটা হ্রাস পেয়েছে। তারপরও ক্রিকেট প্রেমিকদের এখন আলোচনার বিষয় কোন ৪টি দল সেমিফাইনালে খেলবে? সেমিফাইনালে কোন দল কার মুখোমুখি হবে? শেষ পর্যন্ত ফাইনালে কোন দুই দল খেলবে? এবং সব শেষে চ্যাম্পিয়নের হাসি কে হাসবে?

এ নিয়ে বিতর্ক, যুক্তি পাল্টা যুক্তি চলছে সর্বত্র। এ পর্যন্ত হট ফেভারিট দলগুলোর মধ্যে একমাত্র অস্ট্রেলিয়াই তাদের সুনাম অনুযায়ী খেলতে পেরেছে। কাগজ-কলমের হিসাবে অস্ট্রেলিয়াই সম্ভাব্য চ্যাম্পিয়ন। ক্রিকেটবোদ্ধারা বলেন, একদিনের ক্রিকেটে সবকিছু সম্ভব। তাই অনেকেই বলতে শুরু করেছেন সেমিফাইনাল অথবা ফাইনালে গিয়ে অস্ট্রেলিয়ার জয়যাত্রা থেমে যাবে। বিশেষজ্ঞদের মতে অস্ট্রেলিয়ার সঙ্গে সেমিফাইনালে দেখা হবে দুর্দান্ত ফর্মে থাকা নিউজিল্যান্ডের। সেক্ষেত্রে অস্ট্রেলিয়ার হেরে যাওয়াটা বিচিত্র কিছু নয়। অস্ট্রেলিয়া নিউজিল্যান্ডকে হারিয়ে ফাইনালে উঠে গেলেও তাদের ফাইনালে দেখা হবে ভারত ও শ্রীলঙ্কার সঙ্গে। পারফর্মেন্সের বিচারে অস্ট্রেলিয়া এগিয়ে থাকলেও দু'টি দলেরই তাদের হারানোর যথেষ্ট ক্ষমতা আছে। তাই আগে থেকেই কে কাপ জিতবে তা বলে দেয়া সত্যিই ঝুঁকিপূর্ণ।

এদিকে টেস্ট পরিবারের দশম সদস্য বাংলাদেশ বিশ্বকাপে লজ্জাজনকভাবে হেরেছে আইসিসির দুই সহযোগী সদস্য কানাডা এবং কেনিয়ার সঙ্গে। ওয়েস্ট ইন্ডিজ, শ্রীলঙ্কা এবং দক্ষিণ আফ্রিকার কাছে হেরেছে যাচ্ছেতাই ভাবে। একমাত্র নিউজিল্যান্ডের সঙ্গে তারা কিছুটা ভালো খেলেছে। বিশ্বকাপে ১৪টি দলের মধ্যে সবচেয়ে খারাপ পারফর্ম করেছে বাংলাদেশ। দেশবাসী এ ঘটনায় সত্যিই ব্যথিত। এ অবস্থায় খেলোয়াড়দের পাশাপাশি বোর্ড কর্মকর্তা, নির্বাচক, কোচ, ম্যানেজার এবং অধিনায়কসহ সবার যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে। অধিনায়ক তার দায়িত্ব স্বীকার করে পদত্যাগ করলেও অযোগ্য বোর্ড কর্মকর্তারা আছেন বহাল তবীয়তে। দলীয়করণের মাধ্যমে ক্রিকেটের সঙ্গে সম্পর্কহীন কিছু লোকদের দিয়ে বোর্ড পরিচালনার কারণেই এই ভয়াবহ বিপর্যয়ের পথ তৈরি হয়েছে বলে দাবি উঠেছে। অযোগ্য এসব কর্মকর্তাদের বাদ দিয়ে প্রকৃত ক্রিকেট সংগঠক এবং ক্রিকেটবোদ্ধাদের দিয়ে বোর্ড পুনর্গঠন করে ক্রিকেটের হারানো গৌরব ফিরিয়ে আনার জন্য সরকার দ্রুত পদক্ষেপ নেবে এ প্রত্যাশাই এখন দেশবাসীর।

প্রচ্ছদের ছবি : এএফপি

নতুন ইমেল : s2000@dbn-bd.net